



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ মার্চ ২০২৪ খ্রি.

পূর্ব মাদারবাড়িতে ৮০০ পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ

পূর্ব মাদারবাড়িতে ৮০০ পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠান আজিম কনভেনশন সেন্টারে বুধবার সকালে অনুষ্ঠিত হয়েছে। কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী#৩৯; সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরী। এসময় আরো উপস্থিত ছিলেন মহানগর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মশিউর রহমান চৌধুরী, সাবেক প্যানেল মেয়র নিচার উদ্দিন আহমেদ মঙ্গু, কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের, চট্টগ্রাম মহানগর যুবলীগের সভাপতি মাহবুবুল হক সুমন, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সালাউদ্দিন ইবনে আহমদ, ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুজিবুল হক পিয়ারু, রেখা আলম চৌধুরী, রহল আমিন তপন, আবদুল মাল্লান, পংকজ বৈদ্য সুজন, মনজুর খান, আবু সৈয়দ মাহমুদসহ ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলী গ ও মহিলা আওয়ামী লীগ নেতৃত্বে। এসময় মেয়র বলেন, মাঝে রমজান আল্লাহর অশেষ নিয়ামতের মধ্য অন্যতম বিশেষ নিয়ামত। এই মাগফেরাতের মাসে আত্ম-সংযম ও সিয়াম সাধনায় নিজেকে শতভাগ আল্লাহর ইবাদতে নিয়োজিত করতে হবে এবং এলাকার দুঃস্থ ও অসহায় মানুষের পাশে বিত্তবান সকলে এগিয়ে আসতে হবে।

চসিকের ভাগ্যমাণ আদালত
রাস্তা ও ফুটপাত দখল করায় ৪ ব্যক্তিকে
১৮ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা আজ নগরীতে মোবাইল কোর্ট পরিচালনা করেন। মোবাইল কোর্ট পরিচালনাকালে নগরীর চান্দগাঁও থানাধীন শাহ আমানত সেতু সড়কের এক কিলোমিটার এলাকায় রাস্তা ও ফুটপাত দখল করে বিক্রির জন্য কাঠস্তুপ করে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রজুপূর্বক ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮